বাংলাদেশ স্কাউটস, জতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
☎: +৮৮-০২-৯৩৩৩৬৫১ 🖷: +৮৮-০২-৯৩৪২২২৬ www.scouts.gov.bd

**পরিপত্র-০১**

**বিষয় ঃ প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী ২০১৯।**

স্কাউট ও রোভার স্কাউটদের আইসিটি দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ স্কাউটস এর ব্যবস্থাপনা ও পরিচালনায় আগামী ১৭-১৯ জুন ২০১৯ জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে **"প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী ২০১৯"** অনুষ্ঠিত হবে। প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী নিম্নবর্ণিত দুইটি পর্বে সম্পন্ন হবে। অনলাইনে প্রতিযোগীতায় অংশগ্রহণের মাধ্যমে প্রথম পর্ব অনুষ্ঠিত হবে এবং প্রথম পর্বে অংশগ্রহণকারীদের মধ্যে উত্তীর্ণ স্কাউট ও রোভার স্কাউটদের নিয়ে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে দ্বিতীয় পর্ব অনুষ্ঠিত হবে।

প্রথম পর্ব ১১-১৬ জুন ২০১৯ তারিখে সারাদেশব্যাপী স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাবে অথবা ঘরে বসে কম্পিউটার ব্যবহার করে স্কাউট ও রোভার স্কাউটবৃন্দ অনলাইন প্রতিযোগিতায় এককভাবে অংশগ্রহণ করবে। ১১-১২ জুন ২০১৯ তারিখে অংশগ্রহণকারীদের মধ্যে অনলাইন প্রতিযোগিতায় উত্তীর্ণদের তালিকা আগামী ১৩ জুন ২০১৯ তারিখে বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে। প্রথম পর্বের অনলাইন প্রতিযোগীতায় অংশগ্রহণকারীদের মধ্যে উত্তীর্ণ স্কাউট ও রোভার স্কাউটদের নিয়ে আগামী ১৭-১৯ জুন ২০১৯ জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে **"প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী ২০১৯ (দ্বিতীয় পর্ব)"** অনুষ্ঠিত হবে। প্রথম পর্বে অংশগ্রহণকারী স্কাউট ও রোভারদের মধ্যে সর্বোচ্চ মান অর্জনকারীদের পুরস্কার প্রদান করা হবে।

প্রথম পর্বে অংশগ্রহণকারীদের মধ্যে উত্তীর্ণ মান অর্জনকারী স্কাউট ও রোভার স্কাউটদের থেকে বাছাইকৃত স্কাউট ও রোভার স্কাউটদের নিয়ে গঠিত সর্বমোট ৩৩টি ইউনিট জাতীয় পর্যায়ের "প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী ২০১৯ (দ্বিতীয় পর্ব)"- এ অংশগ্রহণের সুযোগ পাবে। বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইটে (scouts.gov.bd) প্রকাশিত প্রতিযোগিতায় উত্তীর্ণদের তালিকা মোতাবেক সংশ্লিষ্ট অঞ্চলসমূহ (কোটা ভিত্তিক) (৮+১)=৯ জন কে নিয়ে ইউনিট গঠন ও জাম্বুরীতে প্রেরণ করবে।

**জাম্বুরী রেজিস্ট্রেশন (দ্বিতীয় পর্ব) ঃ** জাম্বুরীতে অংশগ্রহণকারী স্কাউট ও রোভার স্কাউট, স্বেচ্ছাসেবক, ইউনিট লিডার ও কর্মকর্তাগণের জন্য জন প্রতি ১০০.০০ (এক শত) টাকা হারে রেজিস্ট্রেশন ফি নির্ধারণ করা হয়েছে। অংশগ্রহণে আগ্রহীদেরকে পরিপত্রের সাথে সংযুক্ত রেজিস্ট্রেশন ফরম পূরণ করে আগামী ১৬ জুন ২০১৯ তারিখের মধ্যে সফট কপি ইমেইলে (bdscoutsict@gmail.com) প্রেরণ করতে হবে এবং রেজিস্ট্রেশন ফি ও যথাযথ কর্তৃপক্ষের সুপারিশসহ রেজিস্ট্রেশন ফরম হার্ড কপি আগামী ১৭ জুন ২০১৯ তারিখে জাম্বুরি ভেন্যুতে জমা দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। অংশগ্রহণকারীবৃন্দ জাম্বুরীতে অবশ্যই স্কাউট ইউনিফর্ম ও মাই প্রোগ্রেস বুক সাথে নিয়ে আসতে হবে। জাম্বুরীতে অবস্থানকালীন থাকা ও খাওয়া ক্যাম্প কর্তৃপক্ষ বহন করবে তবে যাতায়াত ও অন্যান্য খরচ ক্যাম্প কর্তৃপক্ষ বহন করবে না।

**জাম্বুরী থীমঃ** প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী ২০১৯ এর থীম ICT in Scouting for Achieving SDGs নির্ধারণ করা হয়েছে।

**জাম্বুরী কোটা বন্টনঃ**

মূল পর্বের অনুষ্ঠেয় প্রথম জাতীয় স্কাউট জাম্বুরীর অঞ্চল ভিত্তিক সর্বমোট ৩৩ টি ইউনিট অংশগ্রহণের লক্ষ্যে নিম্নবর্ণিত ছকে কোটা বন্টন করা হলো ঃ

| অঞ্চল ভিত্তিক কোটা | স্কাউট/রোভার স্কাউট ইউনিট (ছেলে) | গার্ল ইন স্কাউট/রোভার স্কাউট ইউনিট (মেয়ে) |
|---|---|---|
| ঢাকা অঞ্চল | ২ | ১ |
| চট্টগ্রাম অঞ্চল | ১ | ০ |
| রাজশাহী অঞ্চল | ১ | ১ |
| খুলনা অঞ্চল | ১ | ১ |
| বরিশাল অঞ্চল | ১ | ০ |
| সিলেট অঞ্চল | ১ | ০ |
| কুমিল্লা অঞ্চল | ২ | ১ |
| দিনাজপুর অঞ্চল | ১ | ০ |
| ময়মনসিংহ অঞ্চল | ১ | ১ |
| রোভার অঞ্চল | ৬ | ৩ |
| রেলওয়ে অঞ্চল | ১+১ | ০ |
| নৌ অঞ্চল | ১+১ | ১ |
| এয়ার অঞ্চল | ১+১ | ১ |

**জাম্বুরী তারিখ ও রিপোর্টিং ঃ** সংশ্লিষ্ট অঞ্চলসমূহের জেলা স্কাউটস ও জেলা রোভার স্কাউটস অনলাইনের মাধ্যমে প্রথম পর্বের জেলা পর্যায়ে **"প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী ২০১৯"** আয়োজন ও বাস্তবায়ন করবে।

মূল জাম্বুরীতে অংশগ্রহণকারী স্কাউট ও রোভার স্কাউটবৃন্দ ইউনিট প্রতি ০৮ জন স্কাউট/ রোভার স্কাউট ও ০১ জন ইউনিট লিডারসহ আগামী ১৭ জুন ২০১৯ (সোমবার) বেলা ১১:০০ টার মধ্যে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে উপস্থিত রেজিস্ট্রেশন সম্পন্ন করবে। উল্লেখ্য ইউনিট প্রতি ০১ জন ইউনিট লিডার অঞ্চল কর্তৃক মনোনীত হবেন। মনোনীত কর্মকর্তা ও স্বেচ্ছাসেবকবৃন্দকে আগামী ১৬ জুন ২০১৯ (রবিবার) বিকাল ০৫:০০ টার মধ্যে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে রিপোর্ট করতে হবে। আগামী ১৯ জুন ২০১৯ (বুধবার) রাতে ক্যাম্পফায়ারের পর রাতের খাবার শেষে জাম্বুরী সমাপ্ত হবে।

**জাম্বুরীতে অংশগ্রহণকারীদের যোগ্যতা ঃ**

১। প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরীতে স্কাউটদের ক্ষেত্রে নূন্যতম যোগ্যতা স্ট্যান্ডার্ড ব্যাজধারী এবং রোভার স্কাউটদের ক্ষেত্রে ন্যুনতম যোগ্যতা প্রশিক্ষণ স্তরের হতে হবে।

২। কম্পিউটার, ইন্টারনেট এবং তথ্যপ্রযুক্তি সম্পর্কে প্রাথমিক জ্ঞান থাকতে হবে। এসব বিষয়ে দক্ষ স্কাউট এবং রোভার স্কাউটদের জাম্বুরীতে অগ্রাধিকার দেয়া হবে।

৩। দ্বিতীয় পর্বের জাম্বুরীর জন্য জাম্বুরীতে অংশগ্রহণকারী স্কাউট ও রোভার স্কাউটদের জন প্রতি অবশ্যই ০১টি করে ল্যাপটপ নিয়ে আসতে হবে। ল্যাপটপটিতে প্রাথমিক পর্যায়ের (এম এস অফিস, অ্যাডব ফটোরশপ, ইলাস্ট্রেটর ইত্যাদি) সফটওয়্যারসমূহ ইনস্টল থাকতে হবে।

৪। প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরীর দ্বিতীয় পর্বে অংশগ্রহণকারী স্কাউট ও রোভার স্কাউটবৃন্দ সংশ্লিষ্ট অঞ্চলের পতাকা, ফেস্টুন ইত্যাদি প্রয়োজনীয় দ্রব্যাদি সাথে নিয়ে আসবে।

৭। জাম্বুরীতে অংশগ্রহণের জন্য তাঁবুর ব্যবস্থা করা হবে। সে লক্ষ্যে প্রয়োজনীয় তাঁবুবাস উপযোগী উপকরণ (বিছানাপত্র) এবং সরঞ্জাম (গ্লাস, প্লেট ইত্যাদি) সঙ্গে আনতে হবে।

**জাম্বুরী প্রোগ্রামঃ**

**প্রথম পর্ব ঃ** "প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী ২০১৯"এর কার্যক্রম প্রথম পর্বে স্কাউট/ রোভার স্কাউটদের বিভিন্ন চ্যালেঞ্জ এর মাধ্যমে প্রতিযোগীতায় অংশগ্রহণ করতে হবে। আর এই চ্যালেঞ্জ গুলোকে যুগের সাথে তাল মিলিয়ে প্রথম পর্যায়ে কমিউনিকেশন এবং দ্বিতীয় পর্যায়ে স্যাটেলাইট নামকরণ করা হয়েছে। বিভিন্ন চ্যালেঞ্জ (কমিউনিকেশন/ স্যাটেলাইট) এর পাশাপাশি জাম্বুরীতে অংশগ্রহণকারীরা আধুনিক আইসিটি বিষয়ক বিভিন্ন কার্যক্রমে হাতে কলমে কাজ করার সুযোগ পাবে। বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইটে "প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী ২০১৯" লিংকে ক্লিক করে জাম্বুরীর প্রথম পর্বে অংশগ্রহণ করতে হবে। যুগের সাথে তাল মিলিয়ে স্কাউট/রোভার স্কাউটদের আইসিটি দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অনলাইনের মাধ্যমে অনুষ্ঠিত প্রথম জাতীয় স্কাউট আইসিটি জাম্বুরীর প্রথম পর্বে নিম্নবর্ণিত চ্যালেঞ্জ সমূহ ক্রমান্বয়ে সন্নিবেশ করা হয়েছেঃ

**প্রথম পর্বে রোভার স্কাউটদের প্রতিযোগিতার বিষয়সমূহ**

| | |
|---|---|
| কমিউনিকেশন ১- | বেসিক আইসিটি জ্ঞান। |
| কমিউনিকেশন ২- | বাংলাদেশ স্কাউটস এর সেবা পোর্টালে (service.scouts.gov.bd) অ্যাকাউন্ট তৈরী করা। |
| কমিউনিকেশন ৩- | পিপিটি প্রতিযোগিতা। |
| কমিউনিকেশন ৪- | রোভার স্কাউট প্রোগ্রামে আইসিটি বিষয়ক পারিদর্শিতা ব্যাজ। |
| কমিউনিকেশন ৫- | বেসিক নেটওয়ার্কিং, সফটওয়্যার ও হার্ডওয়ার ট্রাবলশুটিং। |
| কমিউনিকেশন ৬- | সাইবার সিকিউরিটি। |
| কমিউনিকেশন ৭- | শতবর্ষে বঙ্গবন্ধু ও বঙ্গবন্ধু স্যাটেলাইট -০১ সম্পর্কে জানা। |
| কমিউনিকেশন ৮- | অনলাইন গ্রাফিক্স ডিজাইন কোর্স এবং লোগো প্রতিযোগিতা। |
| কমিউনিকেশন ৯- | ই-কমার্স এবং ফ্রি ল্যান্সিং। |
| কমিউনিকেশন ১০- | বিশ্ব স্কাউট সংস্থার নির্ধারিত ওয়েবসাইটে (scout.org) অ্যাকাউন্ট তৈরী করা। |

**প্রথম পর্বে স্কাউটদের প্রতিযোগিতার বিষয়সমূহ**

| | |
|---|---|
| কমিউনিকেশন ১- | বেসিক আইসিটি জ্ঞান। |
| কমিউনিকেশন ২- | বাংলাদেশ স্কাউটস এর সেবা পোর্টালে (service.scouts.gov.bd) অ্যাকাউন্ট তৈরী করা। |
| কমিউনিকেশন ৩- | পিপিটি প্রতিযোগিতা। |
| কমিউনিকেশন ৪- | স্কাউট প্রোগ্রামে আইসিটি বিষয়ক পারিদর্শিতা ব্যাজ। |
| কমিউনিকেশন ৫- | সফটওয়্যার ও হার্ডওয়ার ট্রাবলশুটিং। |
| কমিউনিকেশন ৬- | সাইবার সিকিউরিটি। |
| কমিউনিকেশন ৭- | শতবর্ষে বঙ্গবন্ধু ও বঙ্গবন্ধু স্যাটেলাইট -০১ সম্পর্কে জানা। |
| কমিউনিকেশন ৮- | বিশ্ব স্কাউট সংস্থার নির্ধারিত ওয়েবসাইটে (scout.org) অ্যাকাউন্ট তৈরী করা। |

কমিউনিকেশন সমূহের বিস্তারিত বিবরণ বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইটে (scouts.gov.bd) আইসিটি জাম্বুরী লিংকে পাওয়া যাবে।

**মূল জাম্বুরী (দ্বিতীয় পর্ব)ঃ**

"প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী ২০১৯" এর কার্যক্রম স্কাউট ও রোভার স্কাউটদের সাব ক্যাম্প ভিত্তিক সর্বমোট ৯টি চ্যালেঞ্জে এ অংশগ্রহণ করতে হবে। বিভিন্ন চ্যালেঞ্জের পাশাপাশি জাম্বুরীতে অংশগ্রহণকারীরা আধুনিক আইসিটি বিষয়ক বিভিন্ন কার্যক্রমে হাতে কলমে কাজ করার সুযোগ পাবে। যুগের সাথে তাল মিলিয়ে স্কাউট ও রোভার স্কাউটদের আইসিটি দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রথম জাতীয় স্কাউট আইসিটি জাম্বুরীর ২০১৯ দ্বিতীয় পর্ব এ নিম্নবর্ণিত চ্যালেঞ্জ সমূহ অন্তর্ভুক্ত করা হয়েছেঃ

স্যাটেলাইট ১- হার্ডওয়্যার এন্ড টুলস।
স্যাটেলাইট ২- আইসিটি বাস।
স্যাটেলাইট ৩- এক্সপ্লোর দ্যা গ্যালাক্সী।
স্যাটেলাইট ৪- ইনফরমেশন গ্যাদারীং।
স্যাটেলাইট ৫- করি ও শিখি (ইলেকট্রনিক্স)।
স্যাটেলাইট ৬- অ্যামেচার রেডিও।
স্যাটেলাইট ৭- ডিজিটাল হাইকিং।
স্যাটেলাইট ৮- কিমস গেইম।
স্যাটেলাইট ৯- রোবোটিক্স।

স্যাটেলাইট সমূহের বিস্তারিত বিবরণ বাংলাদেশ স্কাউটস এর ওয়েবসাইটে (scouts.gov.bd) আইসিটি জাম্বুরী লিংকে পাওয়া যাবে।

প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী ২০১৯ এর আয়োজনে জেলা পর্যায়ে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে টাস্কফোর্স গঠন ও কার্যাদী সম্পাদন করবে।

| জেলা টাস্কফোর্স | | |
|---|---|---|
| ১ | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | আহ্বায়ক |
| ২ | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৩ | কমিশনার, জেলা স্কাউটস/ জেলা রোভার | সদস্য |
| ৪ | সম্পাদক, জেলা স্কাউটস/ জেলা রোভার | সদস্য |
| ৫ | জেলা স্কাউট লিডার ও জেলা রোভার স্কাউট লিডার | সদস্য |
| ৬ | জেলার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটস এর কর্মকর্তা | সদস্য |
| ৭ | আহ্বায়ক কর্তৃক মনোনীত প্রতিনিধি (আইসিটি দক্ষ ব্যক্তিত্ব) | সদস্য |

জেলা টাস্ক ফোর্সের কার্যপরিধি ঃ

১) জেলা পর্যায়ের টাস্কফোর্স জেলা ও উপজেলায় অনুষ্ঠিত প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরীর প্রথম পর্ব বাস্তবায়নে সার্বিক সহায়তাদান করবে। এ জন্য জেলা/উপজেলায় জাম্বুরীর স্থান নির্বাচন, জাম্বুরীতে অংশগ্রহণকারী স্কাউট/ রোভার স্কাউটদের উপস্থিতি নিশ্চিতকরণসহ প্রস্তুতিমূলক যাবতীয় কার্যাদী সম্পাদন করবে।

২) টাস্কফোর্স প্রয়োজনে সদস্য কো-অপট করতে পারবে।

৩) টাস্কফোর্সের আহ্বায়ক সদস্যদের মধ্যে থেকে একজনকে সদস্য-সচিব মনোনীত করবেন।

৪) সংশ্লিষ্ট অঞ্চলের সাথে যোগাযোগ করে অনলাইন প্রতিযোগিতায় জাতীয় সদর দফতর হতে প্রাপ্ত উত্তীর্ণ তালিকা থেকে বাছাইকৃত স্কাউট ও রোভার স্কাউটদেরকে আগামী ১৭-১৯ জুন ২০১৯ তারিখে জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে অনুষ্ঠিতব্য প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরীতে প্রেরণ করতে হবে।

**"প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী ২০১৯"** কার্যক্রম সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

২৯.০৫.২০১৯

(মোঃ মাহফুজুর রহমান)
জাতীয় কমিশনার (আইসিটি)
এবং
আহ্বায়ক, জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী বাস্তবায়ন কমিটি, বাংলাদেশ স্কাউটস

পত্র নং: বা: স্কা: (আইসিটি)/৩৯৫১(৪৫৭)/২০১৯

তারিখ ঃ ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২৯ মে ২০১৯

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। আঞ্চলিক উপ কমিশনার (প্রোগ্রাম/আইসিটি), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
২। সম্পাদক,বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
৩। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
৪। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা।

সদয় জ্ঞাতার্থে:

১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
২। জাতীয় কমিশনার (আইসিটি) ও আহ্বায়ক, প্রথম জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী বাস্তবায়ন কমিটি, বাংলাদেশ স্কাউটস;
৩। জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা;
৪। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা;
৫। জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী বাস্তবায়ন কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস।

Aktar
২৯.০৫.১৯

(মোঃ আকতার হোসেন)
সদস্য সচিব
জাতীয় আইসিটি স্কাউট জাম্বুরী বাস্তবায়ন কমিটি ও
উপ পরিচালক (আইসিটি)
বাংলাদেশ স্কাউটস
মোবাইল: ০১৯১২৮৪১০৬০